

৫০ তম সংখ্যা

মার্চ- ২০২২

৯ম বর্ষ

ফাল্গুন-চৈত্র ১৪২৮

উপকূলীয় সমন্বিত প্রযুক্তি সম্প্রসারণ কর্মসূচি (সাইটেপ) ২০০৩ সাল থেকে ক্ষুদ্রখণ কার্যক্রমের সাথে উপকারভোগীদের Poultry & Live-stock খাতে কারিগরি সহায়তা প্রদান করে আসছে। ক্ষুদ্র খন গ্রহীতারা সাধারণত কৃষি কাজ ও গবাদি পশু-পাখি পালনের সাথে সম্পৃক্ত। উপকারভোগীরা খনের বড় একটি অংশ (৭০%) বিনয়োগ করেন কৃষি ও গবাদি পশু-পাখি পালন খাতে। ফসলের উৎপাদন বৃদ্ধি এবং গবাদি পশু-পাখি রক্ষা এবং জাত উন্নয়নের জন্য কোস্ট ফাউন্ডেশন মাঠ পর্যায়ে উপকারভোগীদের গবাদি পশু-পাখি বিষয়ক প্রশিক্ষণ প্রদান, উপকরণ সহায়তা, টিকা কার্যক্রম, কর্মনাশক সেবন ও চিকিৎসা সেবা প্রদান করে আসছে।

**অর্ধশতকে সমন্বিত কৃষি বার্তা:** ৫০ তম সংখ্যা পূর্ণ হলো সমন্বিত কৃষি বার্তা। সংখ্যাটির পূর্ব নামকরণ ছিল সাইটেপ বার্তা। পাঠকদের অনুরোধে গত বছর নিউজ লেটারটির নাম পরিবর্তন করে সমন্বিত কৃষি বার্তা নামকরণ করা হয়। এমএফটিএস, উজ্জীবিত ও সাইটেপ কর্মসূচির সকল সহকর্মীর নিকট কৃতজ্ঞতা প্রকাশ করছি বিশেষ এ সংখ্যায়। অনেকেই সংস্থা ছেড়ে অন্তর চলে গেছেন তাদের অবদানও কম নয়। যাদের অনুপ্রেরণা ও তথ্যের উপর ভিত্তি করে নিউজ লেটারটি ৫০ তম



## সমন্বিত কৃষি বার্তার শুরু থেকে এ পর্যন্ত প্রকাশিত কিছু সংখ্যা

সংখ্যায় পৌছাল তাদের সকলকে জানাই শুভেচ্ছা। আগামী সংখ্যা প্রকাশেও আপনাদের সুচিপ্রিয় মতামত ও বন্ত নিষ্ঠ তথ্য আশা করি। তিন মাস পরেই কোরাবানীর ইদ চলছে গরু মোটাতাজাকরনের ব্যাপক প্রস্তুতি।। আসন্ন কোরাবানীর দুদকে সামনে রেখে চলছে গরু মোটাতাজাকরনের প্রস্তুতি। খামারীরা ইতিমধ্যে কিনতে শুরু করেছেন

**কোস্ট ফাউন্ডেশন ২০০৭ সাল থেকে গরু মোটাতাজাকরনে প্রাণিক খামারীদের পুঁজি সহায়তা দিয়ে থাকে।** এ বছর নোয়াখালীতে ১ কোটি টাকা এবং সংস্থায় ১০ কোটি টাকা পুঁজি সহায়তার পরিকল্পনা করা হয়। গরু মোটাতাজা করনে খামারীদের সুষম খাবার তৈরী, ইউএমএস খাবার তৈরী সহ বিভিন্ন কারিগরি সাপোর্ট দেওয়া হয়।

গরু। নোয়াখালীর সোনাপুরের পুরু শোল্লাকিয়া গ্রামের আবুল কাশেম জানান কোস্ট ফাউন্ডেশন হতে পুঁজি সহায়তা নিয়ে ১ লক্ষ ৪১ হাজার টাকায় কিনেছেন তিনটি গরু। সংস্থার প্রারম্ভ মোতাবেক আঁশ জাতীয় খাদ্যের পাশাপাশি খাওয়াচ্ছেন দানাদার খাদ্য। প্রারম্ভ মোতাবেক

গরুকে ইউএমএস খাদ্য খাওয়ানো শীঘ্ৰই শুরু করবেন বলে জানান আবুল কাশেম। ইউএমএস হলো নন প্রোটিন নাইট্রোজেন কম্পাউড। গবেষণায় দেখা গেছে ইউনিয়া ও চিটাগুড় একত্রে পানি দিয়ে গুলিয়ে খড়ের সাথে মিশালে খড়ের পুষ্টিগুণ স্বাদ ও গরুর হজম ক্ষমতা অনেকাংশে বৃদ্ধি পায়। ইউএমএস এর অন্যতম উৎপাদন ইউরিয়াকে রুমেন মাইক্রো ফ্লোরাণ্ডে মাইক্রোবিয়াল হজম প্রক্রিয়ায় এমোনিয়া ও কার্বন-ডাই-আক্সাইড তৈরীর মাধ্যমে প্রোটিন এ রূপান্বিত হয়। ইউরিয়া সার সরাসরি গরুকে মোটাতাজা করে না, বরং পুষ্টিমান সুমধুর খাদ্য ও গরুর হজম ক্ষমতাই দ্রুত মোটাতাজা করে। নোয়াখালী



নোয়াখালীর সোনাপুরের পুরু শোল্লাকিয়া গ্রামের আবুল কাশেমের খামার পরিদর্শন করেন কোস্ট ফাউন্ডেশনের অঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী নূরে আলম।

আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী নূরে আলম জানান, নোয়াখালী অঞ্চলে ২০টি শাখা অফিসে গরু মোটাতাজাকরনের জন্য ১ কোটি টাকা পুঁজি সহায়তার পরিকল্পনা রয়েছে। ইউরিয়া সার সরাসরি গরুকে মোটাতাজা করে না, বরং পুষ্টিমান সুমধুর খাদ্য ও গরুর হজম ক্ষমতাই দ্রুত মোটাতাজা করে। নোয়াখালীর অঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী নূরে আলম জানান, নোয়াখালী অঞ্চলে ২০টি শাখা অফিসে গরু মোটাতাজাকরনের জন্য ১ কোটি টাকা পুঁজি সহায়তার পরিকল্পনা রয়েছে। কোস্ট ফাউন্ডেশনের পরিচালক তারিক সাইদ হারুন জানান, ২০০৭ সাল থেকে আমরা প্রাণিক খামারীদের গরুমোটাতাজাকরনে বিশেষ কর্মসূচি গ্রহণ করে থাকি। এ বছরও গরু মোটাতাজাকরনের জন্য খামারীদের মাঝে ৮ কোটি টাকা পুঁজি সহায়তার পরিকল্পনা রয়েছে।

## সম্পাদকীয়

সমন্বিত কৃষি বার্তা প্রকাশে যাবা লেখা পাঠিয়ে এবং অন্যান্যাত্মা সহযোগীতা করেছেন কর্মসূচির পক্ষ থেকে সবাইকে আন্তরিক ধন্যবাদ। যোগাযোগ: +৮৮০১৭১৩-৩৬৭৪১৬ ইমেইল: mizan@coastbd.net